



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
সরকারি আবাসন পরিদপ্তর  
আইসিটি শাখা  
www.doga.gov.bd



নম্বর ২৫.৪৩.০০০০.০১৫.০১.০০৩.১৯.৬৫

তারিখ: ৫ আশ্বিন ১৪২৮  
২০ সেপ্টেম্বর ২০২১

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: স্বয়ংক্রিয় পদ্ধতিতে বরাদ্দের জন্য মতিঝিলস্থ ডি-২ শ্রেণি এবং ডি-১ শ্রেণির ১৬-০৯-২০২১ তারিখ প্রকাশিত জ্যেষ্ঠতা তালিকা অনুযায়ী প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণ।

সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকারি আবাসন পরিদপ্তর-এর স্বয়ংক্রিয় বাসা বরাদ্দের জন্য ১৬/০৯/২০২১ তারিখ মতিঝিলস্থ ডি-২ শ্রেণি এবং ডি-১ শ্রেণির জ্যেষ্ঠতা তালিকা প্রকাশ করা হয়েছে। প্রকাশিত তালিকা [www.bashaonline.com](http://www.bashaonline.com) ওয়েবসাইটে লগ ইন করে দেখা যাবে। বাসা প্রাপ্তির জন্য যোগ্য প্রার্থীগণকে আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে নিম্নবর্ণিত কাগজপত্রাদি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিলের জন্য অনুরোধ করা হলো।

অতিরিক্ত পরিচালক, কক্ষ নং ০৬, ভবন ০৫, সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

- ১। জাতীয় পরিচয়পত্রের কপি (১ কপি)
- ২। পে-ফিক্সেশন (১ কপি)
- ৩। হালনাগাদ বেতন বিবরণী (১ কপি)
- ৪। নির্ধারিত শ্রেণির বাসা প্রাপ্তির যোগ্যতা অর্জনের প্রমাণক (১ কপি)

**বিশেষ দৃষ্টব্যঃ**

- ১। ডি-১ শ্রেণির বাসা বরাদ্দের জন্য জ্যেষ্ঠতা ক্রমিক ১ হতে ১০০ পর্যন্ত এবং ডি-২ শ্রেণির বাসা বরাদ্দের জন্য জ্যেষ্ঠতা ক্রমিক ১ হতে ২০০ পর্যন্ত উল্লিখিত আবেদনকারীগণ বর্ণিত কাগজপত্রাদি দাখিল করবেন।
- ২। দাখিলের সময় খামের উপর প্রদত্ত ফলে নিজ অবস্থানের ক্রমিক নম্বর উল্লেখ করতে হবে।
- ৩। উল্লিখিত সকল কাগজপত্রাদি উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়নকৃত হতে হবে।
- ৪। অনলাইনে দাখিলকৃত তথ্যাদির প্রমাণক হিসেবে সংযুক্ত কাগজপত্রাদি উল্লিখিত কাগজপত্রাদির (হার্ডকপি) অনুরূপ না হলে স্বয়ংক্রিয় পদ্ধতিতে বাছাইকৃত প্রার্থী বাসা বরাদ্দ প্রাপ্তির ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবে।

২০-৯-২০২১

মোঃ শাহীন হোসেন

অতিরিক্ত পরিচালক

ফোন: +৮৮০২৯৫৪৫৮৭১

ফ্যাক্স: ০২-৯৫৪৬৪৬৩

ইমেইল: [adirector@dog.gov.bd](mailto:adirector@dog.gov.bd)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ২) একান্ত সচিব, সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ৩) উপ-পরিচালক (সকল), সরকারি আবাসন পরিদপ্তর
- ৪) সহকারী পরিচালক (সকল), সরকারি আবাসন পরিদপ্তর
- ৫) অফিস ফ্রন্টডেস্ক, আইসিটি শাখা, সরকারি আবাসন পরিদপ্তর
- ৬) পরিচালকের ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, সরকারি আবাসন পরিদপ্তর